




কর আদায় ও নিরূপন বিষয়ক কমিটি সভার নোটিশ

এতদ্বারা সারিয়াকান্দি পৌরসভার কর আদায় ও নিরূপন বিষয়ক কমিটির সম্মানিত সকল সদস্যগণকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০৩/২০২৪ ইং তারিখ, রোজ- মঙ্গলবার, সকাল-১০.৩০ ঘটিকায় সারিয়াকান্দি পৌরসভার সভা কক্ষে কর আদায় ও নিরূপন বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ

- ০১। গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। পৌর কর আদায়/ট্রেড লাইসেন্স বিষয়ে আলোচনা।
- ০৩। বিবিধ:


২৬/০৩/২৪
(খন্দকার মোঃ খোরশেদ আলম)


সভাপতি

কর আদায় ও নিরূপন বিষয়ক
ও

কাউন্সিলর, ওয়ার্ড নং ০২
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।
তারিখঃ ১৩/০৩/২০২৪ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। মেয়র, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।
- ০২। জনাব..... কাউন্সিলরনং ওয়ার্ড ও সদস্য কর আদায় ও নিরূপন বিষয়ক কমিটি, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।
- ০৩। কো-অপট সদস্য, কর আদায় ও নিরূপন বিষয়ক কমিটি, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।
- ০৪। অফিস নথি।



সভাপতি

কর আদায় ও নিরূপন বিষয়ক কমিটি
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।



কর আদায় ও নিরূপন বিষয়ক কমিটির সভার কার্য বিবরণী, সভা নং-০১

সভাপতি : জনাব খন্দকার মোঃ খোরশেদ আলম, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

তারিখ : ১৯/০৩/২০২৪ ইং, রোজ- মঙ্গলবার।

সময় : সকাল- ১০.৩০ ঘটিকা।

স্থান : সারিয়াকান্দি পৌরসভা কার্যালয়।

অধ্যকার সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর অধ্যকার সভার আলোচ্য সূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ০১ : গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।


আলোচনা ও সিদ্ধান্ত : পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠান্তে সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয়।

আলোচ্য সূচী ০২ : পৌর কর আদায়/ট্রেড লাইসেন্স বিষয়ে আলোচনা।

আলোচনা ও সিদ্ধান্ত : অধ্যকার সভায় পৌর কর আদায়/ট্রেড লাইসেন্স বিষয়ে আলোচনা করা হলো। বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় প্রস্তাব করেন যে, পৌর রাজস্ব আয় বৃদ্ধি করণের জন্য প্রতিটি ওয়ার্ডে উঠান বৈঠক এর মাধ্যমে পৌর কর আদায় করা যেতে পারে এবং ট্রেড লাইসেন্স নবায়ন এর লক্ষ্যে মাইকিং করা যেতে পারে বলে সভায় উত্থাপন করেন। সেই সাথে উক্ত সভায় জনাব মোঃ ফজলুল করিম, কাউন্সিলর ওয়ার্ড নং-০৯, সদস্য বলেন যে, এতে করে সকল ব্যবসায়ী প্রতিষ্ঠান ট্রেড লাইসেন্স গ্রহন এবং নবায়নের জন্য পৌরসভা মুখী হবে এবং পৌর রাজস্ব আয় বৃদ্ধি পাবে। এ বিষয়ে উপস্থিত সকল সদস্য বৃন্দ প্রস্তাব টি লইয়া সভায় বিস্তারিত আলোচনা করেন। তাহা সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ০৩ : বিবিধ আলোচনা নাই।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।


২৯/০৩/২৪
(খন্দকার মোঃ খোরশেদ আলম)

সভাপতি

কর আদায় ও নিরূপন বিষয়ক

ও

কাউন্সিলর, ওয়ার্ড নং ০২
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

সারিয়াকান্দি পৌরসভা কার্যালয়

সারিয়াকান্দি, বগুড়া।

স্থাপিত- ১৯৯৯ ইং



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

কর আদায় ও নিরূপন বিষয়ক কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

সভা নং: ০২ তারিখ: ২৯/০৩/২৪

ক্র:নং	নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	খন্দকার মো: খোরশেদ আলম	কাউন্সিলর, ওয়ার্ড নং-০২	সভাপতি	
০২	মোঃ মতিউর রহমান	মেয়র	সদস্য	
০৩	মো: মামুনুর রশীদ	কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-০৫	সদস্য	
০৪	মো: বজলুর রহমান	কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-০৩	সদস্য	
০৫	মো: ফজলুল করিম	কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং -০৯	সদস্য	